সাবেক উপদেষ্টা আসিফ মাহমুদের ব্যাংক হিসাব তলব



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা ও জাতীয় নাগরিক পার্টির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার ব্যাংক হিসাবের বিস্তারিত তথ্য চেয়ে দেশের সব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে চিঠি পাঠিয়েছে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট।

মঙ্গলবার পাঠানো ওই নির্দেশনায় তার সব ধরনের আর্থিক লেনদেনের তথ্য জমা দিতে বলা হয়েছে।

সংস্থাটির এক ঊর্ধ্বতন কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করে জানান, মানি লন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত বিধিমালার আওতায় এই তথ্য তলব করা হয়েছে। নির্দেশনায় আসিফ মাহমুদের নাম ও জাতীয় পরিচয়পত্রের তথ্য উল্লেখ করে হিসাব খোলার আবেদনপত্র, কেওয়াইসি নথি, লেনদেনের বিবরণীসহ সংশ্লিষ্ট সব কাগজপত্র তিন কার্যদিবসের মধ্যে জমা দিতে বলা হয়েছে।

আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া ২০২৪ সালের কোটা সংস্কার ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক ছিলেন। ৫ আগস্টের ছাত্র-জনতার অভ্যুত্থানের পর গঠিত অন্তর্বর্তীকালীন সরকারে তিনি যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার মন্ত্রণালয়ের উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন।

এদিকে তার বিরুদ্ধে অভিযোগ জমা পড়েছে দুর্নীতি দমন কমিশন-এ। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, অভিযোগগুলো বর্তমানে যাচাই-বাছাইয়ের প্রক্রিয়ায় রয়েছে।